2022

# BENGALI (Hons.)

## B.A. First Semester End Examination - 2022

## PAPER - CC-1

*Full Marks : 60* *Time : 3 hours*

*The figures in the right-hand margin indicate marks.*
*Candidates are required to give their answers in their own words as far as practicable.*
*Illustrate the answers wherever necessary.*

### বিভাগ - ক

**যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১০×২=২০

১। মধ্যভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করো। এই ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

২। অন্ত্য-মধ্য বাংলার কালসীমা নির্দেশ করো এবং একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

৩। আসত্তি বা নৈকট্য বলতে কী বোঝ ? উদাহরণ দিয়ে বোঝাও।

*(Turn Over)*

৪। সংজ্ঞাবহ উদাহরণ দাও ঃ শব্দার্থের রূপান্তর।

৫। শব্দার্থের প্রকারভেদগুলির নাম লেখো।

৬। সংক্ষিপ্ত পরিচয় দাও ঃ অক্ষর ও মাত্রা

৭। অমিত্রাক্ষর ছন্দের দু'টি বৈশিষ্ট্য লেখো।

৮। বিভক্তি কাকে বলে ? বাংলা ভাষায় বিভক্তি কয়প্রকার ও কি কি ?

৯। সংজ্ঞাসহ উদাহরণ দাও ঃ সমীভবন বা ব্যঞ্জনসঙ্গতি।

১০। অনুসর্গ কাকে বলে ? উদাহরণ দাও।

১১। দ্বিকর্মক ক্রিয়া কাকে বলে ? দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও।

১২। 'দাম' শব্দটির উৎস ও বিবর্তন নির্দেশ করো।

১৩। শ্রুতিধ্বনি কাকে বলে ? উদাহরণ দাও।

১৪। ধ্বনি কাকে বলে ? কয়প্রকার ও কী কী ? দৃষ্টান্ত দাও।

১৫। বিশেষণের বিশেষণ কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো।





## বিভাগ -খ

**যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৪×৫=২০

১৬। গঠনগত দিক থেকে বাংলা বাক্যের শ্রেণীবিভাগ করো। প্রতিটি বিভাগের সংজ্ঞাসহ উদাহরণ দাও।

১৭। প্রাচীন বাংলা ভাষার তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

১৮। বাংলা শব্দভাণ্ডারের আগন্তুক শব্দ ও তার শ্রেণীভেদ সম্পর্কে সংক্ষেপে লেখো।

১৯। কারক কাকে বলে ? কয় প্রকার ও কী কী ? যে কোন দু'টি কারকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২০। স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ তুলে ধরো।

২১। স্বরসঙ্গতি কাকে বলে ? একে কয়ভাগে ভাগ করা যায় ? প্রতিটি বিভাগের সংজ্ঞা দাও।

২২। ছন্দ নির্ণয় করো –

কাক কালো, কোকিল কালো, কালো ফিঙের বেশ
তাহার অধিক, কালো কন্যা, তোমার মাথার কেশ।

**বিভাগ - গ**

**যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।** ২×১০=২০

২৩। অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য দৃষ্টান্তসহ আলোচনা করো।

২৪। প্রাচীন ভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করো। এই পর্বের কয়েকটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো। এই ভাষার তিনটি ধ্বনিতাত্ত্বিক ও চারটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

২৫। ধ্বনি পরিবর্তনের কারণগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো।

২৬। শব্দার্থ পরিবর্তনের ধারাগুলির নাম লেখো। প্রতিটি ধারার সংজ্ঞাসহ উদাহরণ দাও।

---